

RBI/ 2006-07/211

Ref. No. DGBA.CDD. No. H- 9741 / 15.15.001 / 2006-07

ডিসেম্বর ১৮, ২০০৬

জেনারেল ম্যানেজার

সরকার অ্যাকাউন্ট বিভাগ, সদর কার্যালয়

স্টেট ব্যাংক অফ ইণ্ডিয়া/ স্টেট ব্যাংক অফ ইন্দোর/স্টেট ব্যাংক অফ পাতিয়ালা/

স্টেট ব্যাংক অফ বিকেনের ও জয়পুর/স্টেট ব্যাংক অফ সৌরাষ্ট্র /স্টেট ব্যাংক অফ ট্রাভাকোর

/স্টেট ব্যাংক অফ হায়দ্রাবাদ/স্টেট ব্যাংক অফ মাইশোর/এলাহাবাদ ব্যাংক/

ব্যাংক অফ বরোদা/ব্যাংক অফ ইণ্ডিয়া/ব্যাংক অফ মহারাষ্ট্র/কানাড়া ব্যাংক/সেন্ট্রাল ব্যাংক অফ ইণ্ডিয়া/

কর্পোরেশন ব্যাংক/দেনা ব্যাংক/ইণ্ডিয়ান ব্যাংক/ইণ্ডিয়ান ওভারসিজ ব্যাংক/

পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক/সিন্ডিকেট ব্যাংক/ইউকো ব্যাংক/ইউনিয়ন ব্যাংক অফ ইণ্ডিয়া/

ইউনাইটেড ব্যাংক অফ ইণ্ডিয়া/বিজয়া ব্যাংক/আই-সি-আই-সি-আই ব্যাংক লিঃ

মাননীয় মহাশয়,

বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪

মেয়াদশেষের আগে টাকা তোলার ক্ষেত্রে সুদ প্রদান— ব্যাখ্যা

বরিষ্ঠ নাগরিক সঞ্চয় প্রকল্প, ২০০৪-য়ের অধীনে মেয়াদপূর্তির পূর্বে টাকা তোলার ক্ষেত্রে ভগ্ন সময়ের জন্য গ্রাহককে প্রদেয় সুদের ব্যাপারে আমরা বেশ কিছু প্রশ্ন পেয়েছি। বিষয়টি ভারত সরকারের বিত্ত মন্ত্রালয়ের গোচরে আনা হয়েছে, যারা তাদের ১১ই মে, ২০০৬-এর তারিখের পত্র নং No. F.15/8/ 2005/NS-II মারফত ব্যাখ্যা দিয়েছে যে প্রকল্পের 9(1)(a)(b) নিয়মানুসারে মেয়াদপূর্তির পূর্বে টাকা তোলার ক্ষেত্রে জরিমানার অর্থপরিমাণ আমানতের পরিমাণ থেকে বাদ দিতে হবে এবং সেই কারণে জরিমানার অর্থ আসল থেকেই কাটতে হবে। যা হোক, ৯ শতাংশ হারে সুদের হিসাব এ্যাকাউন্ট বন্ধের দিন পর্যন্ত আমানতের মোট অর্থের উপর করতে হবে, যেহেতু এ্যাকাউন্টে মোট আমানতের পরিমাণ সেই দিন পর্যন্তই পাওয়া যাবে।

২। এই সাকুলারের বিষয়বস্তু আপনাদের ব্যাংকের যে সমস্ত নির্দিষ্ট শাখায় উক্ত স্কীম চালু আছে তাদের গোচরে আনবেন।

৩। দয়া করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(বালু কে)

ডেপুটি জেনারেল ম্যানেজার